

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৯১

তারিখঃ

২০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ

০৫ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮১৯ তম কমিশন সভা অদ্য ০৫/০৪/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুহ্বাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :-

০১. কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Achia Sea Foods Limited (আছিয়া সী ফুডস লিমিটেড) এর ১৫.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ১৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি যন্ত্রপাতি স্থাপন, ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই, ২০২০ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ১.৮৮ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) ১৭.০৭ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Finance and Investment Limited।

Moham
05-04-22

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র